দৈনিক ইনকিলাব

তারিখ ... JAN 1 8 2000 ...
পৃষ্ঠা ... কলাম ...

# বাংলা একাডেমীর ১০ কোটি টাকার প্রকল্পে সম্ভুকগতি

**হাসান মাহমুদ ঃ** বাংলা একাডেমী কর্তৃপক্ষ তাদের সবচেয়ে দায়িত্বপূর্ণ কাজটি অল্প সময়ে শেষ করতে গিয়ে ব্যর্থ হয়েছে। মোটা অংকের বাজেট নিয়েও নির্দিষ্ট সময়ের মধ্যে প্রকল্পের কাজ সম্পন্ন করা সম্ভব হয়নি বলে জানা গেছে। সরকার একাডেমী কর্তৃপক্ষকে স্বাধীনতা যুদ্ধের ইতিহাস রচনা প্রকল্পের জন্য প্রথমে সাড়ে ৭ কোটি টাকা, পরে তা বৃদ্ধি করে ১০ কোটি টাকায় উন্নতি করার পরও মূল প্রকল্পের অর্ধেক কাজও ইতোমধ্যে সম্পন্ন হয়নি বলে সংশ্লিষ্ট একটি সূত্র জানিয়েছে। কর্তৃপক্ষ ৬৪টি জেলার ওপর আলাদা আলাদাভাবে স্বাধীনতা যুদ্ধের ইতিহাস রচনার দায়িত্বে ৬৪ জন ব্যক্তিকে নিয়োগ করেছেন। এই প্রকল্পের কাজ করছেন এমন ব্যক্তিদের মধ্যে তরুণ থেকে বয়স্করাও রয়েছেন। এরা ব্যক্তিগতভাবে সমাজের বিভিন্ন পেশার সঙ্গে জড়িত হলেও কোন না কোনভাবে ইতিপূর্বে বাংলা একাডেমীর সঙ্গে জড়িত ছিলেন। গত বছর ৩১ ডিসেম্বর প্রকল্পের কাজ অর্থাৎ, পাণ্ডুলিপি জমা দেয়ার শেষ তারিখ হলেও অধিকাংশ লেখক তা জমা দিতে পারেননি বলে জানা গেছে। ফলে এই প্রকল্প এমন সম্ভুকগতিতে চলছে। লেখকগণ অভিযোগ করেন যে, এমন গবেষণাধর্মী বিশাল প্রকল্পের জন্য কর্তৃপক্ষ মাত্র ৬ মাস সময় বরাদ্দ করেছেন। অথচ প্রতিটি জেলায় বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধের ইতিহাস নিয়ে কাজ করতে গেলে প্রচুর সময় প্রয়োজন। এই প্রকল্পের জন্য যারা নিয়োগ পেয়েছেন তারা প্রায় সকলেই অন্য পেশার সঙ্গে জড়িত; অন্য পেশায় থেকে মাত্র ৬ মাসের মধ্যে একটি জেলার স্বাধীনতার ইতিহাস পূর্ণাঙ্গ রচনা করা সম্ভব কিনা সংশ্লিষ্টরা তা নিয়ে এখন বিপাকে পড়েছেন। সংশ্লিষ্ট অনেক লেখক অনুযোগ করে বলেন, ৯ মাসের মধ্যে স্বাধীনতার ইতিহাস রচনা করা সম্ভব হলেও তা পরিপূর্ণ ইতিহাস হবে কি-না, তা নিয়ে প্রশ্ন দেখা দিয়েছে। লেখকগণ জানান, এখন বিশাল মর্যাদাপূর্ণ গবেষণাধর্মী একটি কর্মকাণ্ড এত অল্প সময়ে কর্তৃপক্ষ কেন সারতে চাইছেন তা নিয়েই প্রশ্ন। এই প্রকল্প সম্পন্ন হলে প্রতিটি জেলার জন্য আদাদা আলাদাভাবে স্বাধীনতা যুদ্ধের ইতিহাসের উপর ভলিয়ম পাওয়া যাবে। গত বছর ৩১ ডিসেম্বর পাণ্ডুলিপি জমা দেয়ার শেষ তারিখ হলেও আশানুরূপ পাণ্ডুলিপি জমা পড়েনি বলে জানা গেছে। এ ব্যাপারে বাংলা একাডেমীর একটি সূত্র জানায়, এ অবস্থায় চলতে থাকলে প্রকল্পের কাজ ২ হাজার সালের মধ্যে শেষ হবে কিনা সন্দেহ রয়েছে। স্বাধীনতা যুদ্ধের ইতিহাস রচনা প্রকল্পের জন্য যারা লেখক হিসেবে নিয়োজিত রয়েছেন তারা একেক জন প্রায় অর্ধ লাখ টাকা করে সম্মানি পাবেন বলে জানা গেছে।